তারিখ ... 10 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# মুন্সীগঞ্জে পরীক্ষার সময় কমানোর প্রতিবাদে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার,** *মুন্সীগঞ্জ*

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স, মাস্টার্স এবং ডিগ্রি পরীক্ষার সময় ৪ ঘণ্টার পরিবর্তে সাড়ে তিন ঘণ্টা করার প্রতিবাদে মুন্সীগঞ্জ সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থীরা ক্লাস বর্জন ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সব বিভাগের ছাত্রছাত্রীরা কলেজের প্রশাসনিক ভবনের সামনে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত ক্লাস বর্জন করে এ মানববন্ধনে অংশগ্রহণ করেন। এ বিষয়ে সরকারি হরগঙ্গা কলেজের উপাধ্যক্ষ সাহেদুল কবির জানান, এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের কোনো চিঠি দেয়নি। এটা তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয় যেভাবে বলবে সেভাবে আমরা পরীক্ষা নেব।